গঠ ৬০১২৭১৫

দ্বিপাক্ষিক সমঝোতা স্মারক
(Memorandum of Understanding - MoU)

বিষয়: ইতালির স্বাস্থ্যসেবা ও কেয়ারগিভিং খাতে বাংলাদেশি দক্ষ জনশক্তি প্রশিক্ষণ প্রদান এবং ৫০/২০২৩ আইন (Decreto Cutro-র ২৩ নম্বর ধারা)-এর অধীনে বৈধ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

১. চুক্তিকারী পক্ষসমূহ

এই সমঝোতা স্মারকটি (MoU) নিম্নোক্ত দুই পক্ষের মধ্যে সম্পাদিত হলো:

* প্রথম পক্ষ:

ইতালবাংলা অ্যাসোসিয়েশন (Coordinamento Italbangla & Sviluppo)
সদর দপ্তর: রোম, ইতালি।
ও বাংলাদেশে তার সহযোগী প্রতিষ্ঠান ইতালি বাংলা ওয়ার্ক এজেন্সি হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট লিমিটেড ও ইতালবংলা গ্রুপের অন্যান্য সহযোগী প্রতিস্ঠানের
প্রতিষ্ঠাতা ও আইনী প্রতিনীধি: শাহ মো. তাইফুর রহমান ।
(অতঃপর "প্রথম পক্ষ" হিসেবে অভিহিত) এবং

* দ্বিতীয় পক্ষ:

কেয়ারগিভারস ইনস্টিটিউট অব বাংলাদেশ (CIB) ও সিআইবি ফাউন্ডেশনের অন্যান্য সহযোগী প্রতিষ্ঠান
সদর দপ্তর: বাড়ী নং-৫৩, রোড নং-০৮, নবীনগর হাউজিং, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, বাংলাদেশ।
প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান: ব্রিগেডিয়ার জেনারেল (অব.) অধ্যাপক ডাঃ মোঃ বাসীদুল ইসলাম।
(অতঃপর "দ্বিতীয় পক্ষ" হিসেবে অভিহিত)

২. পটভূমি ও প্রেক্ষাপট

ইতালির সম্প্রতি প্রণীত ৫০/২০২৩ আইন (যা "Decreto Cutro" নামে পরিচিত)-এর ২৩ নম্বর ধারা (Articolo ২৩, Testo Unico Immigrazione) অনুযায়ী, অ-ইইউ (Non-EU) দেশের নাগরিকরা বাৎসরিক কোটার বাইরে (fuori quota) গিয়ে বৈধভাবে ইতালিতে কর্মসংস্থানের সুযোগ পেতে পারেন। এর পূর্বশর্ত হলো নিজ দেশে ইতালি সরকার অনুমোদিত পেশাগত প্রশিক্ষণ এবং ইতালীয় ভাষা ও নাগরিক শিক্ষা (Civico-Linguistica) সফলভাবে সম্পন্ন করা।
প্রথম পক্ষ (ইতালবাংলা অ্যাসোসিয়েশন) ইতালিতে অভিবাসীদের সংহতকরণ, আইনি সহায়তা এবং ইতালীয় শ্রম মন্ত্রণালয় ও নিয়োগকর্তাদের সাথে সংযোগ স্থাপনের মাধ্যমে বাংলাদেশ হতে প্রশিক্ষন ও কর্মসংস্থান সফলতার সাথে বাস্তবায়ন করে যাচ্ছেন ও দীর্ঘদিনের অভিজ্ঞতাসম্পন্ন।

দ্বিতীয় পক্ষ (CIB) বাংলাদেশের জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয় (NSDA) এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (BTEB) কর্তৃক স্বীকৃত একটি অন্যতম প্রধান কেয়ারগিভার প্রশিক্ষণ প্রতিষ্ঠান।
উভয় পক্ষ যৌথভাবে স্বাস্থ্যসেবা ও কেয়ারগিভিং খাতে দক্ষ বাংলাদেশি জনশক্তি তৈরি এবং ইতালিতে তাদের নিরাপদ ও বৈধ কর্মসংস্থান নিশ্চিত করতে এই সমঝোতা স্মারকে আবদ্ধ হচ্ছে।

৩. সমঝোতার প্রধান উদ্দেশ্যসমূহ:

১) ইতালির স্বাস্থ্যসেবা, প্রবীণ নিবাস, হাসপাতাল এবং পারিবারিক পরিচর্যা (Home Care) খাতের চাহিদা অনুযায়ী উচ্চমানের বাংলাদেশি কেয়ারগিভার তৈরি করা।

২) ৫০/২০২৩ আইনের অধিনে সংশোধিত ইমিগ্রেশন আইনের ২৩ নম্বর ধারার বাধ্যবাধকতা অনুযায়ী যৌথভাবে প্রশিক্ষণ ও সামাজিক-ভাষাগত কর্মসূচি পরিচালনা করা।

গঠ ৬০১২৭১৬

৩) বাংলাদেশ থেকে ইতালিতে অবৈধ অভিবাসন প্রতিরোধ করে সম্পূর্ণ আইনি ও প্রাতিষ্ঠানিক প্রক্রিয়ায় দক্ষ কর্মীদের কর্মসংস্থান নিশ্চিত করা।

৪) উভয় দেশের প্রাসঙ্গিক সরকারি ও প্রশাসনিক নিয়মকানুন মেনে একটিদীর্ঘ মেয়াদী ও টেকসই সহযোগিতার কাঠামো গড়ে তোলা।

৫) বাংলাদেশে ইতালী ও ইউরোপিয় শ্রম বাজারের স্বাস্থ্য সেবা খাতের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সংখ্যাক কর্মীদের প্রস্তুত করতঃ বাংলাদেশ সরকারের ও ইতালী ও ইউরোপিয় দেশের সরকারের সংশ্লিষ্ট সকল মন্ত্রনালয়ের সাথে সহযোগিতা ক্রমে ইউরোপিয় স্টান্ডার্ড মোতাবেক প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন করা।

৪. দায়িত্ব ও ভূমিকা

৪.১. প্রথম পক্ষের (ইতালবাংলা অ্যাসোসিয়েশন ও বাংলাদেশে সহযোগী প্রতিষ্ঠনের) দায়িত্বসমূহ:

* **চাহিদা নিরূপণ ও নিয়োগকর্তা নির্বাচন:** ইতালির বিভিন্ন স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান, হাসপাতাল, নার্সিং হোম এবং ব্যবসায়িক সংগঠনের ও ইতালীয়য়ান মালিক পক্ষের) কাছ থেকে চাহিদা সংগ্রহ করা।

* **কারিকুলাম সমন্বয়:** ইতালীয় শ্রম ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের মানদন্ড অনুযায়ী প্রশিক্ষণের সিলেবাস (ইতালীয় ভাষা A১/A২ Level, Civic Education এবং আধুনিক পরিচর্যা পদ্ধতি) হালনাগাদ ও অনুমোদন প্রক্রিয়ায় সহায়তা করা।

* **নিয়োগ সহায়তা:** প্রশিক্ষণপ্রাপ্ত ও যোগ্য কর্মীদের ইতালীয় নিয়োগকর্তাদের সাথে যুক্ত করা এবং ইতালি থেকে কাজের প্রস্তাব (Job Offer/Contract) প্রাপ্তিতে সহায়তা করা।

* **আইনি ও প্রশাসনিক প্রক্রিয়া:** ইতালি প্রান্তে প্রয়োজনীয় আইনি সহায়তা, Nulla Osta সংক্রান্ত পরামর্শ এবং কর্মীদের ইতালিতে পৌঁছানোর পর সামাজিক সংহতকরণ ও প্রাথমিক আবাসন প্রক্রিয়ায় সহযোগিতা করা।

* ইতালী ও ইউরোপিয় স্টান্ডার্ড মোতাবেক দক্ষতা প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে কেয়ারগিভারস ইনস্টিটিউট অব বাংলাদেশ (CIB) এর অনুকূলে ইতালী সরকারের স্বীকৃতি (Recognition) এর ব্যবস্থা করা; যাতে করে CIB কর্তৃক ইতালী ও ইউরোপিয় স্টান্ডার্ড মোতাবেক প্রদত্ত প্রশিক্ষণ সনদ সহজেই ইতালী সরকার কর্তৃক গৃহীত হয়।

* কেয়ারগিভিং এবং ইতালী ভাষাশিক্ষা গ্রহনের জন্য সিআইবি'তে ০২ (দুই) মাস পর পর কমপক্ষে ২৪ জন করে প্রশিক্ষণার্থী প্রেরণ করা এবং তাদের সার্বিক লজিষ্টিক সহায়তা প্রদান করা।

৪.২. দ্বিতীয় পক্ষের (CIB / সিআইবি ফাউন্ডেশন) দায়িত্বসমূহ:

* **প্রার্থী বাছাই ও মৌলিক প্রশিক্ষণ:** ১ম পক্ষ কর্তৃক নির্বাচিত প্রার্থীদের মধ্য হতে উপযুক্ত প্রশিক্ষনার্থী বাছাই করে প্রবীণ, শিশু, অটিজম, ডিমেনশিয়া ব্যবস্থাপনা, ফিজিওথেরাপি, প্রাথমিক চিকিৎসা ও নার্সিংয়ের মৌলিক দক্ষতার ওপর ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান।
* **অবকাঠামোগত সহায়তা ও প্রশিক্ষক সরবরাহ:** প্রশিক্ষণ কেন্দ্রসমুহে ক্লাসরুম, ল্যাব, লাইব্রেরী এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ সামগ্রী প্রস্তুত রাখা।
* **স্বীকৃতি ও সনদপত্র:** আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য মানদন্ড বজায় রেখে সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীদের NSDA ও BTEB কর্তৃক সনদায়নের ব্যবস্থা করা।
* **ভাষা প্রশিক্ষণ ক্লাস পরিচালনায় সহযোগিতা:** প্রথম পক্ষের দিকনির্দেশনা অনুযায়ী ইতালীয় ভাষা ও ইতালি বিষয়ক মৌলিক পরিচিতি ক্লাসের সুষ্ঠু পরিবেশ ও অবকাঠামো নিশ্চিত করা।

৫. যৌথ কার্যক্রমের রূপরেখা

১) **যৌথ প্রশিক্ষণ কর্মসূচি:** CIB-এর টেকনিক্যাল কেয়ারগিভিং কোর্সের পাশাপাশি ইতালবাংলা অ্যাসোসিয়েশনের ও তার বাংলাদেশের প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে ভাষা ও ইতালীয় নাগরিক আইনের বিশেষ কোর্স যুক্ত করা হবে।

২) **প্রকল্পভিত্তিক কাজ:** ইতালি শ্রম মন্ত্রনালয় অনুমোদিত প্রকল্পসমূহের (যেমন: Bangla Dream, Bangla Lux, Tessere il Domani প্রশিক্ষন পরিচালনা করছেন এবং সমমানের হেলথকেয়ার প্রকল্প) অধীনে আঞ্চলিক ও জাতীয় কার্যালয়সমূহে র মাধ্যমে যৌথভাবে কার্যক্রম পরিচালনা করবে।

৩) যৌথ মনিটরিং কমিটি: উভয় পক্ষের প্রতিনিধিদের সমন্বয়ে একটি ৪ (চার) সদস্যের মনিটরিং কমিটি গঠিত হবে, যা প্রতি মাসে প্রশিক্ষণার্থীদের অগ্রগতি ও জব সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা করবে।

৬. ইতালবাংলা এক্সক্লুসিভ ইতালীয় ভাষা ও নাগরিক প্রশিক্ষণ কর্মসূচি (Italian Language Exclusive Program) পরিচালনা করবেন।

১) বিশেষায়িত মডিউল: ইতাল বাংলা অ্যাসোসিয়েশনের প্রত্যক্ষ তত্ত্বাবধানে কেয়ারগিভিং কোর্সের শিক্ষার্থীদের জন্য একটি বিশেষায়িত ইতালীয় ভাষা প্রোগাম (Civico-Linguistica Course) পরিচালনা করা হবে।

২) ভাষাগত মানদণ্ড: ইতালি সরকারের ৫০/২০২৩ আইনের বাধ্যবাধকতা পূরণের জন্য শিক্ষার্থীবৃন্দকে ন্যূনতম A১/A২ Level দক্ষতা অর্জনে প্রস্তুত করা হবে।

৩) প্রশিক্ষক ও উপকরণ: প্রথম পক্ষ প্রয়োজনীয় কোর্স ম্যাটেরিয়াল, ডিজিটাল শিখন উপকরণ এবং ইতালীয় ভাষার যোগ্য প্রশিক্ষকদের দ্বারা প্রশিক্ষন প্রদান নিশ্চিত করবে।

৪) পরীক্ষা ও মূল্যায়ন: ভাষা প্রশিক্ষণের মান নিয়ন্ত্রণে নিয়মিত মূল্যায়ন ও ইতালীয়ান ট্রেনিং পার্টনার কর্তৃক পরীক্ষা গ্রহণ করা হবে এবং এতে উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল সার্টিফিকেট প্রাপ্ত হবে এবং ইতালীয় নিয়োগ প্রক্রিয়ার জন্য উপযুক্ত বলে সুপারিশপ্রাপ্ত হবে।

৭. গোপনীয়তা ও তথ্য সুরক্ষা (Non-Disclosure & Confidentiality - NDC)

১) তত্ত্বাবধান ও গোপনীয়তা: এই সমঝোতা স্মারকের আওতায় উভয় পক্ষ পরস্পরের সাথে যেসব ব্যবসায়িক তথ্য, প্রার্থীর ব্যক্তিগত তথ্য, প্রশিক্ষণ কারিকুলাম, আর্থিক বিষয়াবলী বা কৌশলগত পরিকল্পনা আদান-প্রদান করবে, তা সম্পূর্ণ গোপন বলে গণ্য হবে।

২) তৃতীয় পক্ষের নিকট অপ্রকাশ্যতা: কোনো পক্ষই লিখিত অনুমতি ব্যতীত অপর পক্ষের কোনো তথ্য, ডাটাবেজ বা নথি কোনো তৃতীয় পক্ষের কাছে প্রকাশ করতে পারবে না।

৩) ডাটা সুরক্ষা: ইউরোপীয় ইউনিয়নের GDPR (General Data Protection Regulation) এবং বাংলাদেশের প্রাসঙ্গিক তথ্য সুরক্ষা আইন অনুযায়ী সকল প্রার্থীর ব্যক্তিগত ও সংবেদনশীল তথ্য সংরক্ষিত থাকবে।

৪) স্থায়িত্ব: এই সমঝোতা স্মারকের মেয়াদ শেষ হলেও অথবা এটি বাতিল হলেও তথ্য গোপনীয়তার এই বাধ্যবাধকতা পরবর্তী ০৩ (তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

৮. মেয়াদ, সংশোধন ও সমাপ্তি

* মেয়াদ: এই সমঝোতা স্মারকটি স্বাক্ষরের তারিখ থেকে পরবর্তী ০৩ (তিন) বছর বলবৎ থাকবে। উভয় পক্ষের পারস্পরিক সম্মতিক্রমে এর মেয়াদ বৃদ্ধি করা যাবে।

* সংশোধন: প্রয়োজনবোধে উভয় পক্ষের লিখিত সম্মতির মাধ্যমে এই স্মারকের যেকোনো শর্ত সংশোধন বা পরিমার্জন করা যাবে।

* সমাপ্তি: যেকোনো পক্ষ লিখিতভাবে ০৩ (তিন) মাস পূর্বে নোটিশ প্রদান করে এই সমঝোতা স্মারক বাতিল করতে পারবে। তবে চলমান কোনো কোর্সের শিক্ষার্থীদের প্রশিক্ষণ ও প্রক্রিয়াকরণ এর ফলে ক্ষতিগ্রস্ত করা যাবে না।

৯. অ-বাধ্যবাধকতা ও আর্থিক নীতি

* এই সমঝোতা স্মারকটি মূলত উভয় পক্ষের মধ্যে একটি পারস্পরিক সহযোগিতার রূপরেখা। এটি কোনো পক্ষের ওপর সরাসরি আর্থিক দায়বদ্ধতা চাপায় না;

* প্রতিটি যৌথ প্রকল্প বা ব্যাচের ফি কাঠামো ও আর্থিক বিষয়াদি পৃথক প্রকল্প চুক্তিপত্রের (Specific Project Agreement) মাধ্যমে নির্ধারিত হবে।

গঠ ৬০১২৭১৭

১০. বিরোধ নিষ্পত্তি

এই সমঝোতা স্মারক থেকে উদ্ভূত যেকোনো অনিচ্ছাকৃত ভুল বোঝাবুঝি বা মতপার্থক্য উভয় পক্ষের প্রধানদের দ্বারা আলোচনার মাধ্যমে বন্ধুত্বপূর্ণ পরিবেশে নিষ্পত্তি করা হবে।

১১. স্বাক্ষর ও সম্মতি

উপরে উল্লিখিত শর্তাবলীতে সম্মত হয়ে উভয় পক্ষের ক্ষমতাবান প্রতিনিধিগণ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করলেন:

প্রথম পক্ষের পক্ষে |

স্বাক্ষর: _____
নাম: শাহ মো. তাইফুর রহমান ছোটন
পদবি: প্রতিষ্ঠাতা ও সভাপতি
প্রতিষ্ঠান: ইতালবাংলা অ্যাসোসিয়েশন, রোম, ইতালি

তারিখ: 20/08/2025
স্থান: _____

দ্বিতীয় পক্ষের পক্ষে

স্বাক্ষর: _____
নাম: ব্রিগেডিয়ার জেনারেল (অব.)
অধ্যাপক ডাঃ মোঃ বাসীদুল ইসলাম
পদবি: প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান
প্রতিষ্ঠান: কেয়ারগিভারস ইনস্টিটিউট অব বাংলাদেশ
তারিখ: 20/08/২০২৫
স্থান: _____

সাক্ষীগণ:

১. প্রথম পক্ষের পক্ষে: _____ (স্বাক্ষর ও তারিখ) আলিমা হাসানি রিফাত

২. দ্বিতীয় পক্ষের পক্ষে: _____ (স্বাক্ষর ও তারিখ) মোঃ নিজামুল আলম